# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের প্রতীক্ষাকারীর জন্য ফেরেস্তাগণ ক্ষমা ও রহমতের দু‘আ করা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ دُعَاءِ الْمَلَائِكَةِ لِمُنْتَظِرِي الصَّلَاةَ بِالْغُفْرَانِ وَالرَّحْمَةِ

আরবী

1750 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ حَدَّثَنَا أحمد بن أبي بكر عن مالك عن أَبِي الزِّنَادِ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ إن رسول الله صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ الْمَلَائِكَةَ تُصَلِّي عَلَى أَحَدِكُمْ مَا دَامَ فِي مُصَلَّاهُ الَّذِي صَلَّى فِيهِ مَا لَمْ يُحْدِثْ: اللَّهُمَّ اغْفِرْ لَهُ اللَّهُمَّ ارْحَمْهُ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1750 | خلاصة حكم المحدث : صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 160)، ((صحيح أبي داود)) (489).

বাংলা

১৭৫০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই ফেরেস্তাগণ তোমাদের উপর ইস্তিগফার করতে থাকেন, যতক্ষন সে তার সালাত আদায় করার জায়গায় অবস্থান করে, যতক্ষন না ওযূ ভঙ্গ করে। তারা বলেন, “اللَّهُمَّ اغْفِرْ لَهُ اللَّهُمَّ ارْحَمْهُ (হে আল্লাহ, আপনি তাকে ক্ষমা করে দিন, হে আল্লাহ, আপনি তার প্রতি রহম করুন)।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬০; সহীহ আল বুখারী: ৪৪৫; সহীহ মুসলিম: ৬৪৯; নাসাঈ: ২/৫৫; সুনান বাইহাকী: ২/১৮৫; মুসনাদ আহমাদ: ২/৪২১; আত তায়ালিসী: ২৪১৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৪০২-৪০৩; ইবনু মাজাহ: ৭৯৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২২১১; তিরমিযী: ৩৩০; আবূ দাউদ: ৪৭১; দারেমী: ১/৩২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৬০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন